

(ছ) বিলুপ্ত Council এর সকল কর্মকর্তা ও কর্মচারী কাউন্সিলের কর্মকর্তা ও কর্মচারী হইবেন, এবং এই আইন প্রবর্তনের পূর্বে তাহারা যে শর্তাধীনে চাকুরীতে ছিলেন, তাহা এই আইনের বিধান অনুযায়ী পরিবর্তিত না হওয়া পর্যন্ত, সেই একই শর্তে চাকুরীরত থাকিবেন।

(৩) উক্ত Order রহিত হওয়া সত্ত্বেও-

(ক) উহার অধীন প্রণীত কোন Rules বা Regulations, জারীকৃত কোন প্রজ্ঞাপন, প্রদত্ত কোন আদেশ, নির্দেশ, অনুমোদন, উপদেশ বা সুপারিশ এই আইনের সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, এবং এই আইনের অধীনে রহিত বা সংশোধিত না হওয়া পর্যন্ত বলবৎ থাকিবে;

(খ) উহার অধীন গঠিত Executive Committee ব্যতীত অন্য কোন কমিটি, উহার গঠন বা কার্য পরিধি এই আইনের বিধানের সহিত সামঞ্জস্যপূর্ণ না হইলে, এইরূপে অব্যাহত থাকিবে যেন উক্ত কমিটি এই আইনের অধীনে গঠিত হইয়াছে।

(৪) এই আইন প্রবর্তনের অব্যবহিত পূর্বে বিলুপ্ত Council এর নিকট কোন গবেষণা প্রস্তাব, গবেষণা পরিকল্পনা, সম্পাদিত গবেষণার মূল্যায়ন ও পুনরীক্ষণ এবং কোন ইনস্টিটিউট সংক্রান্ত অন্য কোন কার্যক্রম বিবেচনাধীন থাকিলে তৎসম্পর্কে কাউন্সিল এই আইনের বিধান অনুসারে ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

(৫) উপ-ধারা (২), (৩) এবং (৪) এর বিধান কার্যকর করার ক্ষেত্রে কোন অসুবিধা দেখা দিলে, উক্ত অসুবিধা দূরীকরণার্থে সরকার, লিখিত আদেশ দ্বারা, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

অধ্যাদেশ নং ১৬,
১৯৯৬ বাতিলকরণ

২৭। (১) বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল অধ্যাদেশ, ১৯৯৬ (অধ্যাদেশ নং ১৬, ১৯৯৬) এতদ্বারা বাতিল করা হইল।

(২) উক্তরূপ বাতিল সত্ত্বেও বাতিলকৃত অধ্যাদেশের অধীন কৃত কাজকর্ম বা গৃহীত ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

তফসিল-‘ক’

[ধারা ২(ক) দ্রষ্টব্য]

(১) Bangladesh Rice Research Institute (BRRI)

(২) Bangladesh Jute Research Institute (BJRI)

(৩) Bangladesh Agricultural Research Institute (BARI)

(৪) Bangladesh Institute of Nuclear Agriculture (BINA)

(৫) ইক্ষু গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট।

তফসিল-‘খ’
[ধারা ২(ক) দ্রষ্টব্য]

(১) Livestock Research Institute, (LRI)

(২) Fisheries Research Institute (FRI)

(৩) বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট (বি টি আর আই)

(৪) বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট (বি এফ আর আই)

(৫) মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট (এস আর ডি আই)।

Copyright @ Ministry of Law, Justice and Parliamentary Affairs, Bangladesh.